ISO 9001: 2015 Certified

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
## পানালিয়া, নবাবগঞ্জ।

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ
E-mail : dhakapbs2@gmail.com
Website: pbs2.dhaka.gov.bd

স্মারক নং-২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৪. ৫০৬ তারিখঃ- ২২ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ। ০৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত পদের পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতাসহ প্রয়োজনীয় দক্ষতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | সহকারী ক্যাশিয়ার | ০২ জন (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ টাকা হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | বয়স ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর/ সর্বোচ্চ ৩০ বছর (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) প্রার্থীকে কমপক্ষে এইচ,এস,সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এস, এস, সি/ সমমান ও এইচ, এস, সি/ সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ন্যূনতম- ৩.০০ (জিপিএ- ৫.০০ এর মধ্যে) থাকতে হবে। গণিতে দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) প্রার্থীকে অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান ও সনদ থাকা বাধ্যতামূলক।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই ভদ্র, বিনয়ী ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরজমিনে পরিদর্শনপূর্বক যাচাই করা হবে।<br>(চ) প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে। | বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কক্সবাজার, ফেনী, গাইবান্ধা, হবিগঞ্জ, জামালপুর, ঝিনাইদহ, কুড়িগ্রাম, মাগুরা, মৌলভীবাজার, নাটোর, নেত্রকোনা, নীলফামারি, নোয়াখালী, পটুয়াখালী, রাজশাহী, সুনামগঞ্জ, সিলেট ও ঢাকা জেলার (দোহার ও নবাবগঞ্জ উপজেলা/ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার প্রার্থী ব্যতীত) |

**প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (https://pbs2.dhaka.gov.bd) হতে **আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা এর বরাবর** ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। ওয়েব সাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ব্যতীত সাদা কাগজে/টাইপকৃত/স্বাক্ষর ব্যতীত/অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। **ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতীত সরাসরি কিংবা ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

০২। **প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্র সমূহ সংযুক্ত করতঃ আবেদন করতে হবেঃ**

(ক) ওয়েব সাইট হতে A-4 সাইজের কাগজে ডাউনলোডকৃত আবেদন ফরম;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য হবে না);
(গ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম লিখা থাকতে হবে);
(ঘ) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি;
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(চ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
(ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(জ) **সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।**

০৩। আগামী ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। এই ক্ষেত্রে আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশন" এ নিয়োগ করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। ''অন-প্রবেশন'' থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বাৎসরিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করণসহ মূল বেতন ও অন্যান্য প্রচলিত ভাতাদি প্রদান করা হবে। ''অন-প্রবেশন'' থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত না হলে অন-প্রবেশনের মেয়াদ পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে যা দুই বারের অধিক হবে না।

০৫। সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীকে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। বাংলাদেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

ISO 9001: 2015 Certified

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
# পানালিয়া, নবাবগঞ্জ।

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ
E-mail : dhakapbs2@gmail.com
Website: pbs2.dhaka.gov.bd

০৭। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) আবেদন করার প্রয়োজন নেই।

০৮। প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগ প্রদানের পূর্বে পবিস ব্যবস্থাপনা কর্তৃক প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা এবং পরিবারের অতীত ইতিহাস সরজমিনে যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাই এর ক্ষেত্রে কোন অসঙ্গতি পাওয়া গেলে বর্ণিত পদে "অযোগ্য" বিবেচিত হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচিত হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা প্রযোজ্য হবে।

১০। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই সকল শিক্ষাগত ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৩। প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৪। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

05.02.24

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য

০১। জেলা প্রশাসক, ঢাকা।
০২। পুলিশ সুপার, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .........................পবিস- ১/২/৩/৪।
০৯। নির্বাহী প্রকৌশলী, এসওডি (ঢাকা দঃ), বাপবিবোর্ড, ।
১০। ডিজিএম, দোহার জোনাল অফিস/সদর -কারিগরী, ঢাকা পবিস-২।
১১। এজিএম (ওএন্ডএম), বান্দুরা/নারিশা সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-২।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/প্রশাসন), ঢাকা পবিস-২।
১৪। এজিএম (আইটি), ঢাকা পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (https://pbs2.dhaka.gov.bd), ঢাকা পবিস-২।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

05.02.24

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার